



বাংলাদেশ  
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭।

www.ugc.gov.bd; E-mail: director\_publicuniv@ugc.gov.bd



স্মারক নং: ইউজিসি/প্রশা:/পাব:বিশ্ব:/১১২/০৮/৬৪৩৮

তারিখ: ০৬ কার্তিক ১৪২৬  
২২ অক্টোবর ২০১৯

সিনিয়র সচিব  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: বিশ্ববিদ্যালয়সমূহে উপাচার্য, উপ-উপাচার্য এবং ট্রেজারার নিয়োগ।

দৃষ্টি আকর্ষণ: জনাব সৈয়দ আলী রেজা, যুগ্ম-সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

জনাব

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, বাংলাদেশকে একটি সুখী-সমৃদ্ধ ও উন্নত দেশে রূপান্তরের লক্ষ্যে বর্তমান সরকার বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। এ সকল পরিকল্পনার মধ্যে শিক্ষাকে অগ্রাধিকার দিয়ে বিশেষ করে উচ্চশিক্ষাব্যবস্থাকে যুগোপযোগী ও সহজলভ্য করার অভিপ্রায়ে দেশের প্রতিটি জেলায় সরকারি-বেসরকারিপর্যায়ে অন্ততপক্ষে একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করে একবিংশ শতাব্দীর উপযোগী দক্ষ জনবল তৈরি করা সরকারের অঙ্গীকার। এ অঙ্গীকারের বাস্তব রূপায়ণে দেশের অধিকাংশ জেলায় ইতোমধ্যে একটি করে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে এবং এ প্রক্রিয়া চলমান রয়েছে। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়সমূহের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে পরিচালনার জন্য সরকার বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের মাধ্যমে বিশ্ববিদ্যালয়সমূহকে নানাভাবে প্রণোদনা ও সহযোগিতা যুগিয়ে যাচ্ছে।

এ কথা সর্বজনবিদিত যে, বিশ্ববিদ্যালয়সমূহের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমে সম্মানিত উপাচার্য, উপ-উপাচার্য এবং ট্রেজারারগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন। কাজেই প্রতিটি বিশ্ববিদ্যালয়ে সার্বক্ষণিকভাবে উপাচার্য, উপ-উপাচার্য এবং ট্রেজারার থাকা বাঞ্ছনীয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, দেশের কোন কোন বিশ্ববিদ্যালয়ে বর্তমানে উপাচার্য, উপ-উপাচার্য এবং ট্রেজারারের পদ শূন্য রয়েছে। এর ফলে ঐ সকল বিশ্ববিদ্যালয়ে একদিকে যেমন একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে, অন্যদিকে ক্ষতির স্বীকার হচ্ছে শিক্ষার্থীগণ- ঘটছে নানারকম অপ্রত্যাশিত ঘটনা।

এ অবস্থা থেকে উত্তরণের লক্ষ্যে যে সকল বিশ্ববিদ্যালয়ে উপাচার্য, উপ-উপাচার্য এবং ট্রেজারার নেই, সে সকল বিশ্ববিদ্যালয়ে জরুরিভিত্তিতে উপাচার্য, উপ-উপাচার্য এবং ট্রেজারার নিয়োগপ্রক্রিয়া শুরু করার জন্য আপনাকে অনুরোধ করছি।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

  
22-10-19


মো. কামাল হোসেন  
পরিচালক

পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ


ফোন: ০২-৫৮১৬০১১১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পরিচালক, জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ, ইউজিসি, ঢাকা (মিডিয়ায় প্রচারের অনুরোধসহ);
- ২। পরিচালক (চ.দা), আইএমসিটি বিভাগ, ইউজিসি, ঢাকা (ইউজিসি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ);
- ৩। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা;
- ৪-৮। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, সদস্য মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা;
- ৯। নথি;
- ১০। মহানথি।

  
28/10/19  
জি. রহমান (Jm)  
28/10/2019

SA  
Tahmina Rahman  
27/10/19  
Programmer

  
22/10/2019  
নাসিমা আক্তার খাতুন  
সিনিয়র সহকারী পরিচালক  
পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ